

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
লাইন ডাইরেটরের কার্যালয়
কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি)
কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট (সিসিএইচএসটি)
বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা
ফোন : ০২-২২২২৮০৭৪৫ এবং ফ্যাক্স : ০২-২২২২৮২৯০০।
ই-মেইল : cbhc@ld.dghs.gov.bd

স্মারক নং- সিবিএইচসি/প্রশাসন/বিবিধ-৪০/২০২১/৫৬৭

তারিখঃ ১০/০৮/২০২২ ইং

বরাবর,

- ১। সিভিল সার্জন (সকল)।
- ২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)।

বিষয়ঃ দেশের সকল কমিউনিটি ক্লিনিকসমূহে ১৫ আগস্ট, ২০২২ জাতীয় শোক দিবস পালন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট (সিসিএইচএসটি) কর্তৃক বাস্তবায়নাধীন কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি) এর আওতায় আপনার নিয়ন্ত্রণাধীন কমিউনিটি ক্লিনিকসমূহে আগামী ১৫ আগস্ট, ২০২২ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে নিম্নোক্ত কর্মসূচী পালনের জন্য অনুরোধ করা যাচ্ছে।

১. কমিউনিটি ক্লিনিকসমূহে জাতীয় পতাকা অর্ধনমিতকরণ।
২. কমিউনিটি ক্লিনিকে কর্মরত সিএইচসিপিগণ সকাল ০৯ টা থেকে ১২ টা পর্যন্ত কমিউনিটি ক্লিনিক খোলা রেখে স্বাস্থ্য সেবা প্রদান করবেন।
৩. জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে স্থানীয় ব্যবস্থাপনায় সিবিএইচসি কার্যালয়ের ই-মেইল (cbhc@ld.dghs.gov.bd) হতে প্রেরণকৃত নমুনা মোতাবেক ব্যানার (০৫ ফুট X ০৩ ফুট) প্রস্তুতপূর্বক কমিউনিটি ক্লিনিকসমূহের দৃশ্যমান স্থানে প্রদর্শন করবেন।
৪. কমিউনিটি ক্লিনিকে কমিউনিটি গ্রুপ এবং কমিউনিটি সাপোর্ট গ্রুপের সকল সদস্যগণকে নিয়ে জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করবেন এবং আলোচনা সভার ছবি সিবিএইচসি কার্যালয় এর ই-মেইল : cbhc@ld.dghs.gov.bd এবং এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর এর ই-মেইল : socialmedia@mis.dghs.gov.bd এ প্রেরণ করবেন (আলোচনার সময়সূচি সকাল ১০ টা থেকে সকাল ১১ টা পর্যন্ত)।

এ বিষয়ে সিভিল সার্জন এবং উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাগণকে বিশেষ পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।



(ডাঃ মাসুদ রেজা কবীর) ১০.৮.২২
লাইন ডাইরেটর

কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি)
কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট (সিসিএইচএসটি)।

স্মারক নং- সিবিএইচসি/প্রশাসন/বিবিধ-৪০/২০২১/৫৬৭/১(১২)

তারিখঃ ১০/০৮/২০২২ ইং

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)।
২. সভাপতি, কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট বোর্ড, বিএমআরসি ভবন, মহাখালী, ঢাকা।
৩. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ সচিব মহোদয়ের একান্ত সচিব)।
৪. মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃঃ আঃ সহকারী পরিচালক, সমন্বয়)।
৫. ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব), কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট বোর্ড, বিএমআরসি ভবন, মহাখালী, ঢাকা।
৬. অতিরিক্ত মহা-পরিচালক (প্রশাসন/উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭. পরিচালক (প্রশাসন/অর্থ/এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৮. পরিচালক (স্বাস্থ্য),.....(সকল বিভাগ)।
৯. উপ-পরিচালক (স্বাস্থ্য) ও বিভাগীয় ব্যবস্থাপক,.....(সকল বিভাগ), বিএমআরসি ভবন, মহাখালী, ঢাকা।
১০. প্রোগ্রাম ম্যানেজার.....(সকল), বিএমআরসি ভবন, মহাখালী, ঢাকা।
১১. ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার.....(সকল), বিএমআরসি ভবন, মহাখালী, ঢাকা।
১২. অফিস কপি।

(ডাঃ মাসুদ রেজা কবীর)

লাইন ডাইরেটর

কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি)
কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট (সিসিএইচএসটি)।